

সীমিত



সদর দপ্তর

বাংলাদেশ কোস্ট গার্ড

মহাপরিচালকের সচিবালয়

আগারগাঁও প্রশাসনিক এলাকা

শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮১৮১৬১৭ ফ্যাক্সঃ ৮১৮১২৭৬

ই-মেলঃ cgdgsecy@coastguard.gov.bd

৩৪ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বাংলাদেশ কোস্ট গার্ড অস্থায়ী স্মারকলিপি নং ২৫/২০২০

মন্ত্রণালয়, সংস্থা এবং মাঠ প্রশাসনে ইনোভেশান টিম পুনঃগঠন প্রসঙ্গে

সূত্রঃ

- ক। বাংলাদেশ কোস্ট গার্ড অস্থায়ী স্মারকলিপি নং ১২/২০১৭ তারিখ ২৭ মার্চ ২০১৭।
- খ। স্বরাষ্ট্র মন্ত্রণালয় পত্র নং ৪৪.০০.০০০০.০২১.২৬.০০১.২০১৩.২৮৪ তারিখ ১১ আগস্ট ২০১৫।
- গ। বাংলাদেশ কোস্ট গার্ড অস্থায়ী স্মারকলিপি নং ৪৮/২০১৫ তারিখ ২০ আগস্ট ২০১৫।
- ঘ। স্বরাষ্ট্র মন্ত্রণালয় পত্র নং ৪৪.০০.০০০০.০২১.১৫.০০২.২০১৭.৭৬ তারিখ ২০ মার্চ ২০১৭।
- ঙ। বাংলাদেশ গেজেট (অতিরিক্ত সংখ্যা) তারিখ ০৮ এপ্রিল ২০১৩।
- চ। বাংলাদেশ কোস্ট গার্ড অস্থায়ী স্মারকলিপি নং ২৩/২০২০ তারিখ ২৭ সেপ্টেম্বর ২০২০।

১। সূত্র পত্র খ মোতাবেক মন্ত্রণালয়/অধিদপ্তরসমূহের নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া সহজ ও কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে গঠিত ইনোভেশান টিম এর দক্ষতা বৃদ্ধি এবং সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ কর্তৃক “উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫” প্রণয়ন করা হয়েছে। সূত্র পত্র ঘ মোতাবেক স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর অধিনস্থ বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক ই-সেবা জনগণের দোড়গোড়ায় পৌঁছে দেওয়া এবং ই-সেবার কার্যক্রমকে আরও ত্বরান্বিত করার লক্ষ্যে একটি টিম গঠনের জন্য মন্ত্রিপরিষদ কর্তৃক সুপারিশ করা হয়। উক্ত সুপারিশের ভিত্তিতে গঠিত কমিটি নিম্নলিখিতভাবে পুনঃগঠন করা হলোঃ

ক্রমিক	নিযুক্তি	মন্তব্য
১।	পরিচালক (আইটি ও যোগাযোগ)	ইনোভেশান অফিসার
২।	উপ-পরিচালক (প্রকৌশল)	সদস্য
৩।	উপ-পরিচালক (অপারেশাপ)	
৪।	উপ-পরিচালক (পরিকল্পনা)	
৫।	উপ-পরিচালক (গোয়েন্দা)	
৬।	উপ-পরিচালক (আইটি ও যোগাযোগ)	সদস্য সচিব

২। ইনোভেশান টিমের কার্যপরিধি নিম্নরূপঃ

- ক। স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজে অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন।
- খ। এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন।
- গ। প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন।
- ঘ। মন্ত্রণালয়/জোন পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশান টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন।
- ঙ। প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ।

৩। আইটি ও যোগাযোগ পরিদপ্তর ইনোভেশান সংক্রান্ত যাবতীয় নথিপত্র সংরক্ষণ করবে এবং যথাসময়ে ইনোভেশান টিম কর্তৃক কার্যপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণে প্রয়োজনীয় সমন্বয়সাধন করবে।


সীমিত

৪। পর্ষদের কার্যপরিধি বিবেচনায় পর্ষদ সভাপতি প্রয়োজনবোধে কমিটির সদস্য হিসেবে যেকোন কর্মকর্তাকে মহাপরিচালকের অনুমোদনক্রমে সংযোজন করতে পারবে।

৫। বদলি, নিয়োগ, অস্থায়ী কার্য অথবা অন্য কোন কারণে পর্ষদের কোন কর্মকর্তা অনুপস্থিত থাকলে অস্থায়ী/ নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা এর তদস্থলে কার্য সম্পন্ন করবেন এবং এরূপ ক্ষেত্রে জ্যেষ্ঠতার তারতম্য হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে সভাপতি এবং সদস্য সমন্বিত হবে।

৬। এ প্রেক্ষিতে সূত্র স্মারক লিপি চ এতদ্বারা বাতিল করা হলো।

মহাপরিচালকের আদেশক্রমে



এম আশরাফুল আলম
কমান্ডার বিএন
মহাপরিচালকের সচিব

সংলগ্নীঃ

১। বাংলাদেশ গেজেট (অতিরিক্ত সংখ্যা) তারিখ ০৮ এপ্রিল ২০১৩ - ০৬ (ছয়) পাতা।

বিতরণঃ

অন্তঃ

কার্যঃ

পর্ষদ সভাপতি ও সদস্যগণ

অবগতিঃ

সংশ্লিষ্ট পরিদপ্তর-----